মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ বিষয়ক রচনা প্রতিযোগীতায় বিজয়ী মেহেরপুরের রিফা

মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ বিষয়ক রচনা প্রতিযোগীতায় জাতীয় পর্যায়ে বিজয়ী হয়েছে মেহেরপুরের তাওহিদা রিফা।
তাওহিদা রিফা মেহেরপুরের জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ১০ম শ্রেণীর শিক্ষার্থী। সে শহরের বোস পাড়ার তবিয়ত তাওহিদ ও হাসিবা খাতুন দম্পত্তির কন্যা।
গত মঙ্গলবার কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় পর্য়ায়ে বিজয়ী হওয়ায় তাকে পুরস্কার ও মেডেল দেওয়া হয়। কুষ্টিয়া জেলা প্রশাসক সাইদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার অতিরিক্ত বিভাগীয় কমিশনার আব্দুর রশিদ। জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত ‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ বিষয়ক রচনা প্রতিযোগীতায় তাওহিদা রিফা উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী হয়ে জাতীয় পর্যায়ে অংশ নেয়। সেখানে সেরা ১০ বিজয়ীর অন্যতম হিসেবে বিজয়ী হয়। এ হিসেবে দুই বছর প্রতিমাসে দুই হাজার টাকা করে বৃত্তি দেওয়া হবে জাতীয় পর্যায়ের বিজয়ীদের।

দর্শনায় ফেনসিডিলসহ ঈশ্বরচন্দ্রপুরের উজ্জল গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে পুলিশ। এ অভিযানে ভারতীয় নেশাজাত দ্রব্য ফেনসিডিল সহ উজ্জল হোসেন নামের এক মাদক

ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, গত মঙ্গলবার সন্ধা সাড়ে ৭টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ, এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই নীতিশ বিশ্বাস, এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই আনোয়ারুল হক, এএসআই আবু বক্কর সিদ্দীক, এএসআই মামুনুর রশিদ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন এলাকার মাধ্যমিক বালিকা বিদ্যালয় গামী সড়কের স্বাস্থ্যপরিবার কল্যান কেন্দ্রের সামনে পাকা রাস্তার উপর।

এসময় ১২ বোতল ভারতীয় ফেন্সিডিল সহ উজ্জল হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।গ্রেফতারকৃত উজ্জল হোসেন দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের স্কুল পাড়ার আশাদুল মোল্লার ছেলে। উক্ত ঘটনায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা উপজেলার চার ইউপিতে নবনির্বাচিতদের শপথ গ্রহণ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার চার ইউনিয়ন পরিষদের (ইউপি) নির্বাচনে নির্বাচিতদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে নির্বাচনে নির্বচিত চারটি ইউনিয়নে নির্বাচিতদের মাঝে শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গত ১১ নভেম্বর ইউনিয়ন পরিষদ নির্বাচনের ২য় ধাপে উপজেলার চারটি ইউনিয়নে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার নবনির্বাচিত সদস্যদের মাঝে এ শপথ বাক্য পাঠ করান।শপথ গ্রহণ অনুষ্ঠানে চারটি ইউনিয়নে মহিলা আসনের ১২ ও পুরুষ আসনের ৩৬ জন শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে এ শপথ বাক্য পাঠ করেন।

শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, নির্বাচন অফিসার ইসহাক, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ,দর্শনা থানার অফিসার ইনচার্জ লুৎফর কবরী গণমাধ্যমকর্মী সহ উপজেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ।

উল্লেখ্য, গতকাল সকাল ১১ টার দিকে জেলা প্রশাসনের সন্মেলন কক্ষে নবনির্বাচিত চেয়ারম্যানগণদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার দামুড়হুদা উপজেলার দামুড়হুদা সদর ইউনিয়নে হয়রত আলী (আওয়ামীলীগ), জুড়ানপুর ইউনিয়নে সোহরাব হোসেন (আওয়ামী লীগ), কার্পাসডাঙ্গা ইউনিয়নে আব্দুল করিম (স্বতন্ত্র) ও কুড়ালগাছি ইউনিয়নের কামাল উদ্দিন (স্বতন্ত্র) কে শপথ বাক্য পাঠ করান। শপথ বাক্য পাঠ অনুষ্ঠানে জেলার উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পাখি পালন করে স্বাবলম্বী জীবননগরের শান্ত

বাজরিকা পাখি পালনে শুরুটা অল্পতে হলেও এখন বাণিজ্যিক ভাবে পালন করছেন শান্ত। পাখি পালন করে পরিবারে সচ্ছলতা এনেছেন শান্ত।

জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের বাকা কবরস্থান পাড়ার মোঃ মজিবার রহমানের ছেলে রিপন হোসেন শান্ত প্রায় তিন বছর ধরে গ্রামে তাঁর নিজস্ব জায়গায় ছোট্র একটি খামার করে পাখি পালন করছেন।

বর্তমানে সেখানে বাজরিকা পাখি, লাউর সিরাজী, জ্যাকো বিন, রেন, ময়ুরী নামের কবুতরসহ বিভিন্ন প্রজাতির প্রায় ১ হাজার পাখি আছে।

বাড়ির মধ্যেই তিনি পাখির জন্য ওই খামার তৈরি করেছেন যা দেখে মনে হয় পাখির রাজ্য। শান্ত এবং তাঁর পরিবারের লোকজন খামারের সবকিছু দেখাশোনা করেন। খামার থেকে বর্তমানে প্রতিমাসে খরজ বাদ দিয়ে ৮ থেকে ১০ হাজার টাকার পাখি বিক্রয় করে আয় করে থাকেন।

শান্ত জানান, প্রায় তিন বছর আগে শখের বশে বাজরিকা পাখি পালন শুরু করেন এবং এতে ব্যাপক সফলতা পান। বর্তমানে এই বাজরিকা পাখি নিয়ে চলছে তাঁর বাণিজ্যিক অগ্রযাত্রা। ভবিষ্যতে এই ব্যবসার আরও প্রসার ঘটাতে চান। এই উদ্যোক্তা বলেন, ‘ভবিষ্যতে প্রাণিসম্পদ বিভাগের সহযোগিতা এবং সরকারি পৃষ্ঠপোষকতা পেলে একটি বাচ্চা ফোটানোর যন্ত্রে (ইনকিউবিটর) বাচ্চা উৎপাদনের চিন্তাভাবনা করব।’

শান্ত আরো জানান, বাজরিকা পাখির ডিম থেকে আমার এখানেই বাচ্ছা ফোটানো হয়। বাচ্চা ফোটানোর পর এক মাস বয়স হলেই এসব বাজরিকা পাখি বিক্রয় করা হয়। এ ছাড়া আমার এখানে বিভিন্ন প্রজাতির কবুতর আছে যা দেখতে অনেক সুন্দর এবং এগুলো প্রতি জোড়া ১০ থেকে ১২হাজার টাকায় বিক্রয় করা হয়। দিন দিন এই পাখির চাহিদা দ্রুত বাড়ছে।
স্থানীয় এলাকাবাসী জানান,শান্ত বাজরিকা পাখির খামার দিয়ে এলাকায় অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন। তাঁর খামারে উৎপাদিত বাজরিকা পাখি এবং বিভিন্ন প্রজাতির কবুতর খামার দেখে এলাকার বেশ কিছু শিক্ষিত বেকার যুবক উদ্যোক্তা হওয়ার চেষ্টা শুরু করেছেন।

জীবননগর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ তারিখ হোসেন বলেন, জীবননগর উপজেলার বেশ কিছু তরুন উদ্যোক্তারা সখ করে বিভিন্ন প্রজাতির পাখি ও কবুতরের খামার তৈরি করেছে।যা বতমানে এটি একটি বাণিজ্যিক ভাবে হচ্ছে । শান্ত ‘আমাদের সহযোগিতা ছাড়াই বেশ সাফল্য অর্জন করেছেন। যদি আমাদের সঙ্গে এ ব্যাপারে আলোচনা করে, তাহলে খামারের পাখিদের ইনজেকশন দেওয়াসহ বিভিন্ন ধরনের পরিচর্যা করার জন্য প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হবে।

তিনি জানান, হাঁস-মুরগির মতো পাখি পালন করে অনেকেই এখন স্বাবলম্বী। বাজরিকা পাখির রোগব্যাধি কম। এ জন্য টিকা দিতে হয় না এবং কৃমির ওষুধও খাওয়াতে হয় না। অনেকে আত্মকর্মসংস্থানের জন্য বাজরিকা পাখি ও কবুতর পালনকে পেশা হিসেবে বেছে নিয়েছেন।তবে যদি কোন উদ্যোক্তা আমাদের সহযোগিতা চায় তা হলে তাদের সাবিক সহযোগিতা করা হবে।

জীবননগরে ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

জীবননগরে ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় আরো উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলাম,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারন সম্পাদক নজরুল ইসলাম,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।

জীবননগর উপজেলার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের ২০টি শিক্ষা প্রতিষ্ঠান ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের স্টল তৈরি করেন।

কোটচাঁদপুরে স্কুল শিক্ষার্থীকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে রিয়াদ খাঁন (১৮) নামে এক স্কুল শিক্ষার্থী যুবককে কুপিয়ে ও গলাকেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার সকালে উপজেলার বাগডাঙ্গা গ্রামের কপোতাক্ষ নদ থেকে ওই শিক্ষার্থীর লাশ উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, সকালে কপোতাক্ষ নদে যুবকের ক্ষত-বিক্ষত লাশ ভাঁসতে দেখে এলাকাবাসী পুলিশের খবর দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল বাগডাঙ্গা গ্রামের ঝিঁনুর আম বাগানের পাশে কপোতাক্ষ নদে এক যুবকের গলা কাটা লাশ উদ্ধার করে। এসময় তার ডান হাতের কব্জি বিচ্ছিন্ন ও মুখের বিভিন্ন স্থানে ক্ষত-বিক্ষত লক্ষ করা যায়। দুর্বৃত্তরা তাকে নৃশংস ভাবে হত্যা করে পানিতে ফেলে রাখে। ঘটনাস্থল থেকে পুলিশ নেশা জাতীয় দ্রব্য সলেউশন আটা ও একটি দেশীয় দা উদ্ধার করেছে। পরে পরিবারের লোকজন এসে তার লাশ সনাক্ত করে। প্রাথমিক অবস্থায় তাকে কে বা কারা কি কারণে হত্যা করেছে তা জানাতে পারেনি পুলিশ। তবে পুলিশের ধারনা পূর্ব শত্রুতা ও মাদক সংশ্লিষ্ঠ কোন বিষয়ে তাকে হত্যা করা হতে পারে।

নিহতের পিতা জানায়, গত মঙ্গলবার রাত ৮ টার দিকে নিজেদের রাইস মিলের কাজ শেষে মেইন শহরে যায়। রাতে আর বাড়িতে ফেরেনি রিয়াদ। এসময় তার ব্যবহহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপপুর সার্কেল) মোহামিনুল ইসলাম, থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন সহ সিআইডির ক্রাইম সিন ইউনিট ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নিহত রিয়াদ হোসেন ওই গ্রামের সলেমান খাঁন (আমিন) এর ছেলে ও বলাবাড়িয়া-বাগডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে স্ত্রীর উপর গুলি বর্ষণ, অবৈধ গুলিসহ স্বামী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়সলুয়া গ্রামের আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠ বিদ্যালয়ের মধ্যেই ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাফিয়া ইয়াসমিনকে হত্যার উদ্দেশ্যে গুলি কয়েক রাউন্ড গুলি চালিয়েছে স্বামী ফারুখ হোসেন। এসময় পুরো বিদ্যালয়ে আতংক ছড়িয়ে

পড়ে। গুলি লক্ষভ্রষ্ট হওয়ায় নাফিয়া ইয়াসমিন প্রাণে রক্ষা পাই। মঙ্গলবার (২১ ডিসেম্বর) দুপুরে এঘটনা ঘটে। তবে ঘটনাটি ধামাচাপা দিলেও রাতে প্রকাশ্যে আসে। খবর পেয়ে ভোর রাতে পুলিশ টানা দুই ঘন্টা অভিযান চালিয়ে স্বামী ফারুখ হোসেনকে আটক করে। এসময় তার নিকট থেকে লাইসেন্সকৃত পয়েন্ট টুটু বোর রাইফেল ও অবৈধ গুলি উদ্ধার করে। বুধবার বিকেলে এঘটনায় স্ত্রী নাফিয়া ইয়াসমিন বাদি হয়ে হত্যা চেষ্টা এবং অবৈধ গুলি রাখার অপরাধে পুলিশ বাদি হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

নাফিয়া ইয়াসমিন আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠের কারিগরী শাখার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও তিতুদহ ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী স্বামী গোলাম ফারুক আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। নাফিয়া ইয়াসমিন গোলাম ফারুখের দ্বিতীয় স্ত্রী। ফারুখ হোসেন বড়সলুয়া গ্রামের মৃত সামসুল আলম ফরজন মাষ্টারের ছেলে।

পুলিশ জানায়, মঙ্গলবার দুপুরে পারিবারিক কলহের জেরে শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে স্ত্রী নাফিয়া ইয়াসমিনকে হত্যার উদ্দেশ্যে তার উপর গুলি বর্ষন করেছে। বুধবার ভোররাতে লাইসেন্সকৃত পয়েন্ট টুটু বোর রাইফেলসহ তাকে আটক করা হয়। তার ১০০ টি গুলি বরাদ্দ থাকলেও অতিরিক্ত ৩৪ টি গুলি উদ্ধার করে থানায় নেয়া হয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, নাফিয়া ইয়াসমিনের ভাষ্য অনুযায়ী পারিবারিক কলহের জেরে শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে ৩-৫ রাউন্ড তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে তার স্বামী। খবর পেয়ে বুধবার ভোরে নিজ বাড়ি থেকে গোলাম ফারুখ হোসেনকে আটক করা হয়।

তিনি আরও বলেন, তার অস্ত্রটি বৈধ। তার নামে ১০০ টি বরাদ্দকৃত গুলি বরাদ্দ আছে। আমরা ১৩৪ টি গুলি উদ্ধার করেছি। ৩৪ গুলি অবৈধ। বুধবার বিকেল সাড়ে ৩ টার দিকে স্ত্রী নাফিয়া ইয়াসমিন বাদি হয়ে হত্যা চেষ্টা এবং অবৈধ গুলি রাখার অপরাধে পুলিশ বাদি হয়ে পৃথক দুটি দর্শনা থানায় মামলা দায়ের করে । গতকালই তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ

মুজিবনগর উপজেলার ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ এ নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,শপথ গ্রহন উপলক্ষে বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শপথ গ্রহণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

গত ১১ নভেম্বর মুজিবনগর উপজেলার বাগোয়ান, মোনাখালী, মহাজনপুর ও দারিয়াপুর ৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়।
চারটি ইউনিয়নে নির্বাচিত ২৮ জন সদস্যকে উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার শপথ বাক্য পাঠ করান।
নবনির্বাচিত ইউপি সদস্যগন শপথ বাক্যে দৃঢ়ভাবে ঘোষণা করে যে, তারা ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন অনুযায়ী এবং সততা, নিষ্ঠা ও বিশ্বস্ততার সহিত তার পদের দায়িত্ব ও কর্তব্য পালন করিবে এবং বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিবে।

গাংনীতে নবনির্বাচিত মেম্বারদের শপথ গ্রহন

মেহেরপুরের গাংনী উপজেলায় অনুষ্ঠিত দ্বিতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৫টি ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত সদস্য ও সংরক্ষিত মহিলা আসনের সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার সময় গাংনী উপজেলা সভাকক্ষে শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা প্রশাসন। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম উপস্থিত নির্বাচিত এসকল জন প্রতিনিধিদের লিখিত শপথ বাক্য পাঠ করান। ইউনিয়ন ৫টি হচ্ছে,কাথুলী,সাহারবাটি,তেতুলবাড়িয়া,মটমুড়া ও বামুন্দি।
শপথ গ্রহণ অনুষ্ঠানে নির্বাচিত মেম্বার ও সংরক্ষিত মহিলা মেম্বারগণ এবং গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার ও স্থানীয় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

শৈলকুপায় স্বতন্ত্র প্রার্থীর অফিস- ভাংচুর, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, আহত ৪

ঝিনাইদহের শৈলকুপায় ইউপি নির্বাচনে নৌকার প্রার্থীর সমর্থনে ঢাল-সড়কি, রামদা, দেশীয় অস্ত্র-শস্ত্র নিয়ে সশস্ত্র মিছিল করা হয়েছে। মিছিল থেকে স্বতন্ত্র প্রার্থীর অফিস-প্রচার মাইক ভাংচুর ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালানো হয়। এ ঘটনায় ৪জন আহত হয়েছে, এদের মধ্যে ৩জন কে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয় । মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে ৩নং দিগনগর ইউনিয়নের সিদ্দি বাজারে এই ঘটনা ঘটে।
পুলিশের সামনেই নৌকা প্রতিকের চেয়ারম্যান প্রার্থী জিল্লুর রহমান তপনের সমর্থকরা এমন মিছিল ও হামলা চালায় বলে জানিয়েছে প্রত্যক্ষদর্শীরা। নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারস প্রতিকের প্রার্থী মুক্তারুজ্জামান মুক্ত অভিযোগ করেন, তার সমর্থকদের উপর হামলা সহ অফিস ও প্রচার মাইক ভাংচুর করা হয়। ভোটারদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ সহ ভোটাররা ভয়ে এলাকা ছেড়েছে বলে জানিয়ে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগীতা ও শংকামুক্ত পরিবেশে র্নিবাচন প্রত্যাশা করেন।
এদিকে ঘটনা সম্পর্কে জানতে নৌকা প্রতিকের চেয়ারম্যান প্রার্থী ও দিগনগর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জিল্লুর রহমান তপনের নিকট বারবার ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার এসআই আমিরুজ্জামান জানান, তারা পরিস্থিতি মোকাবেলার চেষ্টা করেছেন ।